R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোননং—৪

৬৪শ বর্ষ
১ম সংখ্যা
রঘুনাথগঞ্জ, ৪ঠা জ্যৈষ্ঠ, বুধবার, ১৩৮৪ সাল।
১৮ই মে, ১৯৭৭ সাল।
নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## প্রার্থীদের মনোনয়নপত্র দাখিল শেষ, ভোট ১৪ জুন

বিশেষ প্রতিনিধি, ১৮ মে—আসন্ন বিধানসভা নির্বাচনে আজ ছিল প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। জঙ্গিপুর মহকুমার ৫টি বিধানসভা কেন্দ্রে আজ পর্যন্ত মোট ৪৮ জন প্রার্থী তাঁদের মনোনয়নপত্র দাখিল করেছেন। বিধানসভা-ওয়ারি এই সংখ্যা ৫০নং ফরাক্কা কেন্দ্রে ৯ জন, ৫১নং অরঙ্গাবাদ কেন্দ্রে ১০ জন, ৫২নং সুতী কেন্দ্রে ১১ জন, ৫৩নং সাগরদীঘি (তপঃ) কেন্দ্রে ৭ জন এবং ৫৪নং জঙ্গিপুর কেন্দ্রে ১১ জন। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ২১ মে। নির্বাচন অনুষ্ঠিত হবে ১৪ জুন; ওই দিন সকাল সাড়ে সাতটা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। আজ জঙ্গিপুর মহকুমা নির্বাচন আধিকারিক মীরা সেনগুপ্তর কাছ থেকে প্রার্থীদের সর্বশেষ যে তালিকাটি পাওয়া গেছে তা এরূপ : **ফরাক্কা** ঃ সৈয়দ তোফায়েল হোসেন (জনতা), আবুল হাসনাৎ খান (সি পি এম), ওয়াজেদ আলি (কংগ্রেস), জেরাত আলি (নিঃ), রাধেশ্যাম ঘোষ (নিঃ), ওবাইদুর রহমান (নিঃ), ইজরাইল (মুঃ লীঃ), জগন্নাথ গুপ্ত (নিঃ), তরুণকান্তি সেন (নিঃ)। **অরঙ্গাবাদ** ঃ মামুদ খান (জনতা), সহিদুল ইসলাম (সি পি এম), হাজি লুৎফল হক (কংগ্রেস), হোসেন আলি (নিঃ), অরবিন্দ চৌধুরী (নিঃ), মহঃ সাজাহান (নিঃ), সেখ ইয়াদ আলি (নিঃ), শ্রীপতি সরকার (নিঃ), আব্দুস শুকুর বিশ্বাস (মুঃ লীঃ), বিনয়ভূষণ সরকার (নিঃ)। **সুতী** ঃ অনিল দাস (জনতা), শিস মহম্মদ (আর এস পি), মহঃ সোহরাব (কংগ্রেস), উমাপতি মণ্ডল (নিঃ)

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## রেশম ও বিড়ি শিল্পে আর্থিক সংকট

জঙ্গিপুর, ১৮ মে—রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের মিঠিপুর অঞ্চলে বেশ কয়েক হাজার রেশম শিল্পী ও বিড়ি শ্রমিক দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত পরিস্থিতিতে নিদারুণ আর্থিক সংকটে পড়েছেন। এই অঞ্চলের বহু রেশম শিল্পী রেশমের কারবার করে জীবিকা উপার্জন করে থাকেন। বর্তমানে বিভিন্ন দ্রব্যের মূল্যবৃদ্ধি ঘটায় তাঁরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাঁরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং সরকারকে অনুদান চেয়ে এই শিল্পকে বাঁচাবার অনুরোধ জানিয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে।

মিঠিপুর অঞ্চলের বিড়ি শ্রমিকরা মুন্সীদের মাধ্যমে লাঞ্ছিত ও অবহেলিত হচ্ছেন বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। প্রকাশ, আইন অনুসারে কাগজে-কলমে প্রতি হাজার বিড়ির মজুরি ৬·৪০ টাকা ও ৫·৪০ টাকা। কিন্তু মুন্সীরা

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## বিদ্যুৎ সরবরাহ মাসে মাত্র আট দিন

নিজস্ব সংবাদদাতা, ১৮ মে—সাগরদীঘি ব্লকের মনিগ্রামে ১৯৭৬ সালের অকটোবর মাস থেকে মনিগ্রাম কল সেণ্টারের মাধ্যমে সাগরদীঘি গ্রুপ ইলেকট্রিক সাপলাই এর অধীনে বৈদ্যুতিক আলো গিয়ে পৌঁছয়। কিন্তু প্রতি মাসেই দেখা যাচ্ছে, আট দিনের বেশী আলো পাওয়া যাচ্ছে না। কখনও ফিউজ তার কাটার ফলে এবং বেশীর ভাগ সময়ই রঘুনাথগঞ্জের উমরপুর হতে সরবরাহ বন্ধ থাকছে। অথচ মিনিমাম চারজ ঠিকই আদায় হচ্ছে। গ্রামবাসীরা গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছানোর নামে মাসে আট দিন বিদ্যুৎ সরবরাহকে প্রহসন বলে অভিহিত করেছেন।

বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা মনিগ্রামের মত এত নিকৃষ্ট না হলেও মহকুমার সর্বত্র কম বেশী আঘাত হানছে। ঘন ঘন লোডশেডিং এখন রোজনামচায় পরিণত হয়েছে। মহকুমার বিভিন্ন শিল্পে এবং আটা চাকীতে এর ফলে উৎপাদন ব্যাহত হচ্ছে, ডিপ টিউবওয়েলে জল ওঠা বন্ধ হয়ে চাষের কাজ মার খাচ্ছে।

## জনহিতকর কাজে শ্রীশ্রী৺শ্যামসুন্দর পাবলিক দেব এষ্টেট

রঘুনাথগঞ্জ, ১৭ মে—হিলোড়ার শ্রীশ্রী৺শ্যামসুন্দর পাবলিক দেব এষ্টেট নানা জনহিতকর কাজে এগিয়ে এসেছেন। গত ১৩৮৩ সালে একটি দেবালয় ও কিছু কিছু বিদ্যালয়ের নির্মাণে এই এষ্টেট হতে অর্থ সাহায্য করা হয়েছে। হিলোড়া গ্রামে ৺শ্যামসুন্দর পাঠাগারের নির্মাণকার্য এই দেব এষ্টেটের অর্থ সাহায্যে শুরু হয়েছে। এ ছাড়াও ১৩৮৩ সালে নিম্নবর্ণিত বিভিন্ন বিদ্যালয়ের মেধাবী অথচ দরিদ্র ছাত্রছাত্রীদের বই-খাতাপত্র প্রভৃতি কেনার জন্যে অর্থ সাহায্য করা হয়েছে : পিপাসা মাঝি (আহিরণ হাই স্কুল, ৭ম শ্রেণী) ৬০·০০ টাকা,

(৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## কনের বাবা খুন

অরঙ্গাবাদ, ১৬ মে—গত শুক্রবার সুতী থানার চাঁদমারি গ্রামের শ্রীচরণ দাস নামে একজন গ্রামবাসী আততায়ীর হাতে প্রকাশ্য দিবালোকে খুন হয়েছেন। খবরে প্রকাশ, শ্রীচরণ দাস ওই দিন সকালে মেয়ের বিয়ের জন্য পণের ৫০১ টাকা নিয়ে যাচ্ছিলেন ফতুল্লাপুর গ্রামের দিকে ছেলের বাবার কাছে। ওই দিনই তাঁর মেয়ের বিয়ের দিন স্থির হয়েছিল ওই ছেলের সঙ্গে। পথে একটি আমবাগানের মধ্যে একদল আততায়ীর আক্রমণে তিনি রক্তাপ্লুত হয়ে মাটিতে পড়ে যান। আততায়ীরা পণের টাকা কেড়ে নিয়ে পালিয়ে যায়। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তির সঙ্গে সঙ্গে তাঁর মৃত্যু ঘটে। ওই দিন রাত্রেই তাঁর মেয়ের বিয়ে নির্দিষ্ট পাত্রের সঙ্গে সম্পন্ন হয়।

## পুকুরের জল বিষাক্ত

রঘুনাথগঞ্জ, ১৭ মে—এই থানার বাণীপুর গ্রামের একমাত্র পুকুরের জলে কে বা কারা বিষাক্ত কোন দ্রব্য মিশিয়ে দিলে সারা পুকুরের জল বিষাক্ত হয়ে গেছে। জলের রংও কালো হয়ে যায়। পুকুরটি সরকারের। কাজেই পুকুরের জল গ্রামের প্রত্যেকে ব্যবহার করতে পারতো। বিষ দেওয়ার পর থেকে পুকুরে আর কেউ নামতে পারছে না। জলের অভাবে গ্রামবাসীদের ভীষণ কষ্ট হচ্ছে। গ্রামে একটি টিউবওয়েল ছাড়া জলের বিকল্প আর কোন ব্যবস্থা নেই। গরু ছাগলেরও কষ্টের শেষ নেই।

জীবাণু সার
এ্যাজোটোব্যাকটর
পাট চাষের খরচ কমায়
ফলন বাড়ায়
মাইক্রোবস. ইণ্ডিয়া. ৮৭. লেনিন সরণী. কলিকাতা-১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা জ্যৈষ্ঠ বুধবার, সন ১৩৮৪ সাল।

# আমাদের ৬৪ বর্ষে

এক দুই করিয়া ৬৩ বৎসর অতিক্রান্ত হইল। আজ জঙ্গিপুর সংবাদ ৬৪ বৎসরে পদার্পণ করিল। ১৯১৪ সালে প্রতিষ্ঠাতা সম্পাদক দাদাঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত হইয়া জঙ্গিপুর মহকুমার চিরবঞ্চিত, অবহেলিত ও উপেক্ষিত মানুষের মনের কথাকে বুকে ধরিয়া সেই যে ইহার সংগ্রামী যাত্রা শুরু হইয়াছিল, আজিও তাহা অব্যাহত রহিয়াছে। এতগুলি বৎসরের ব্যবধানে গঙ্গা দিয়া কত জল প্রবাহিত হইয়াছে, ভারতবর্ষের তথা বিশ্বের কত পরিবর্তন ঘটিয়াছে, পিতামহ দাদাঠাকুর লোকান্তরিত হইয়াছেন, পিতৃদেব সম্পাদনার দায়িত্ব হইতে অবসর গ্রহণ করিয়াছেন, বর্তমানে সম্পাদনার দায়িত্বভার আমার উপর আসিয়া পড়িয়াছে—জঙ্গিপুর সংবাদ আজিও তাহার সংগ্রামী গতি অব্যাহত রাখিয়াছে মহকুমা তথা জেলার তথা পশ্চিমবঙ্গের সুহৃদবৃন্দের পৃষ্ঠপোষকতায়। আজ পত্রিকার ৬৪ বৎসর পূর্ণ হইবার অবসরে প্রথমেই সকলকে আমাদের শুভেচ্ছা জানাইতেছি।

বিগত জরুরী অবস্থার সময় সেনসর প্রথার কবলে পড়িয়া ভারতবর্ষের সংবাদপত্রসমূহের যে দুর্দিন আসিয়াছিল' তাহা ভারত ইতিহাসে একটি কলঙ্কিত অধ্যায় হিসাবে চিহ্নিত হইয়া রহিবে। আমাদের এই ক্ষুদ্র সাপ্তাহিকটিও সেনসর দেবতার কোপদৃষ্টি এড়াইতে পারে নাই। বিনা কারণে বিজ্ঞাপন বন্ধ করিয়া দেওয়া হইয়াছিল প্রায় ছয় মাস, পদে পদে প্রশাসনের রক্তচক্ষু এবং শাসানির মধ্য দিয়া পথ চলিতে হইত এবং সবচেয়ে দুঃখের বিষয় ছিল, সত্য সংবাদকেও 'ভিত্তিহীন' বলিয়া 'দুঃখ প্রকাশ' করিতে আমাদেরকে বাধ্য করা হইত। দোষ কাহাকেও দিব না, শুধু ৬৪ বর্ষ পূর্তির প্রাক্কালে সকলকে অনুরোধ করিব, জরুরী অবস্থার সুযোগে যাঁহারা নিজেদের বিবেককে বিক্রয় করিয়া দিয়াছিলেন, মানুষ যেন তাঁহাদের ঘৃণা করিতে শিখে।

# চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

## রেশনে অখাদ্য আতপ

জঙ্গিপুর সংবাদে 'রেশনে অখাদ্য আতপ' শীর্ষক সংবাদে ক্রেতাদের যে ক্ষোভের কথা বলা হয়েছে তা শুধু কয়েকজনের নয়, সমগ্র জঙ্গিপুর মহকুমার। আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করি খোলা বাজারে যে চাল বিক্রী হয় তাতে কাঁকর থাকে না অথচ রেশনে যে চাল-গম দেওয়া হয় তাতে দশ থেকে পনের শতাংশ কাঁকর এবং ধুলো থাকে। এ বিষয়ে মহকুমা শাসক এবং মহকুমা খাদ্য নিয়ামককে অনুরোধ করি তদন্ত করে রহস্য উদ্ঘাটন করতে। আর একটি ছোট্ট অনুরোধ করি মহকুমা খাদ্য নিয়ামককে। তিনি যেন একবারের জন্যও রেশনের আতপের ভাত নিজে খেয়ে জনতার অভিযোগ পরখ করে নেন। —শামসুল আলম, রঘুনাথগঞ্জ।

# সাগরদীঘির জলনিকাশী প্রকল্প জেলা পরিষদে

সাগরদীঘি, ১৭মে—সাগরদীঘি বাজারে নালা সংস্কার ও জলনিকাশী প্রকল্প এখন মুর্শিদাবাদ জেলা পরিষদের দপ্তরে মুক্তি প্রতীক্ষায় দিন গুণছে। ২২০০ টাকার প্রকল্পটি পাঠিয়েছেন সাগরদীঘির বি ডি ও, তৈরী করেছেন ব্লকের সাব এ্যাসিসট্যানট ইঞ্জিনিয়ার। জেলা পরিষদ থেকে ভেটিং অর্থাৎ চেক হওয়ার পর প্রকল্পটি অনুমোদন হবার সম্ভাবনা আছে বলে জানা গেল। প্রকল্পটি রূপায়ণে অর্ধেক টাকা দেবেন ব্লক, বাকী অর্ধেক দিতে হবে জনসাধারণকে। স্থানীয় জনসাধারণের নালা সংস্কারের দাবি দীর্ঘদিনের। ইতিপূর্বে তাঁদের দাবির কথা জঙ্গিপুর সংবাদে বহুবার প্রকাশিত হয়েছে। প্রকাশিত হয়েছে নালার জল বাড়িতে ঢুকে যাওয়া, সংস্কারের অভাবে নালাগুলি মজে যাওয়া এবং পচা দুর্গন্ধময় জল জমে জনস্বাস্থ্য হানির সম্ভাবনার কথাও। এতদিনে সবুরে মেওয়া ফলেছে।

## আবার নৌকাডুবি আবার মৃত্যু

অরঙ্গাবাদ, ১৭মে—গত বুধবার আলোয়ানী ফেরীঘাটে ৭ জন যাত্রীসহ একটি ডোঙ্গা নৌকা মাঝ নদীতে ঝড়ের মধ্যে পড়ে উল্টে গেলে যাত্রীরা জলমগ্ন হন। ৬ জন কোন রকমে সাঁতরে তীরে উঠেন। কিন্তু নিমাই হালদার নামে ২৫ বছরের এক যুবক সাঁতার না জানার ফলে জলে তলিয়ে যান। বেশ কয়েক ঘণ্টা খোঁজাখুঁজির পর তাঁর মৃতদেহ উদ্ধার করা হয়েছে।

# দারোগার বাড়িতে চুরি

সাগরদীঘি, ১৫ মে—চুরি এবার খোদ বড় দারোগার বাড়িতে। হালে তিনি চুরির কিনারায় ব্যর্থ হয়ে হাত গুটিয়ে বসেছিলেন, যার ফলে এই থানা এলাকা 'চোরেদের মুক্তাঞ্চলে' পরিণত হয়েছিল এবং অসহায় লোকেদের ক্ষোভ জমা হচ্ছিল তাঁর এবং তাঁর অনুচরদের অর্থাৎ পুলিশের নিষ্ক্রিয়তার বিরুদ্ধে। সেই বড় দারোগাই নিজে এবার ঘা খেলেন চোরের হাতে। খবরে জানা গেল, সম্প্রতি তিনি গভীর রাত্রে বাড়ি ফিরে খেতে বসেন। সেই অবসরে পাঁচিল টপকে কে বা কারা তাঁর ভাড়া বাড়িতে ঢুকে পাশের ঘর থেকে নিঃশব্দে একটি সুটকেশ হাতিয়ে নিয়ে চম্পট দেয়। গহনায় ও নগদে ওই সুটকেশে ছিল প্রায় তিন হাজার টাকা। থানা থেকে তাঁর বাসার দূরত্ব প্রায় ২০০ গজ। সর্বশেষ সংবাদে জানা যায়, খোয়া যাওয়া মালের কিছুটা উদ্ধার হয়েছে, চোর এখনও ধরা পড়েনি। নিন্দুকে বলছে, থানার বড় দারোগার নিজের ব্যাপার বলে পুলিশ করিতকর্মার মত মাল উদ্ধার করেছে চোরও হয়তো শিগ্‌গির ধরা পড়বে। কিন্তু সাধারণ লোকের বেলায় এমনটি হতে দেখা যায় না।

## চোরাই কয়লার কারবার

জঙ্গিপুর, ১৮ মে—লালগোলা-কৃষ্ণপুর থেকে রেলের কয়লা প্রকাশ্যে পাচার হয়ে জঙ্গিপুর, মিঠিপুর, সেকেন্দ্রা, সম্মতিনগর এবং বিভিন্ন গ্রামে অবাধে বিক্রী হচ্ছে। কয়েক মাস আগে জঙ্গিপুর সংবাদে এই মর্মে একটি সংবাদ প্রকাশের পর কিছুদিন এইসব এলাকায় চোরাই কয়লার ঢালাও কারবার বন্ধ ছিল। কিন্তু এখন আবার সেই কারবার মাথা চাড়া দিয়েছে। রেল এবং পুলিশ কর্তৃপক্ষ জেনেশুনেও চুপ করে আছেন বলে লোকে বলাবলি করছে।

# ডাকাতের প্রহারে মৃত্যু

অরঙ্গাবাদ, ১৪ মে—পুলিশী সূত্রের খবরে প্রকাশ, ৯ মে রাত্রে সুতী থানার ইংলিশ গ্রামে বাণী ইসরাইলের বাড়িতে একদল সশস্ত্র ডাকাত হানা দিয়ে গৃহস্বামীসহ বাড়ির লোকজনদের মারধোর করে এবং নগদে ও জিনিসপত্রে প্রায় ৩ হাজার টাকা লুঠ করে। ডাকাতদলের প্রহারে জর্জরিত বাণী ইসরাইলকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। পরদিন তিনি মারা যান।

নবগ্রাম থেকে পুলিশী সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ১০ মে নবগ্রাম থানার কুতুবপুর গ্রামের সাবের সেখ নামে একজন গ্রামবাসীকে বসিয়া বিলে পিটিয়ে হত্যা করা হয়েছে।

# বাস-ট্রাক সংঘর্ষ

রঘুনাথগঞ্জ, ১৩ মে—আজ ভোর ৫টায় ৩৪নং জাতীয় সড়কের ওপর উমরপুর মোড়ের কাছে শিলিগুড়িগামী একটি রিজার্ভ বাসের সঙ্গে বহরমপুরগামী একটি ট্রাকের মুখোমুখী সংঘর্ষ ঘটলে বাস ও ট্রাকের চালকসহ ৮ জন গুরুতরভাবে জখম হন। বাসটি কলকাতা থেকে আসছিল, যাত্রী ছিলেন ২০ জন। তাঁরা সকলেই অল্পবিস্তর আহত হন। আহতদের মধ্যে শিলিগুড়ির জনৈক দারোগার স্ত্রী, পুত্র ও এক কন্যা আছেন। আহতদের জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই দুর্ঘটনার ফলে এই পথে প্রায় ৫ ঘণ্টা যান চলাচল ব্যাহত হয়। সমস্ত যানবাহনকে এন এম জি আর রোড দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়। বেলা দশটার পর অবস্থা আবার স্বাভাবিক হয়।

## প্রস্রাবাগার প্রয়োজন

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ শহরের;ফুলতলার মোড়ে এবং জাতীয় সড়কের উমরপুর মোড়ে প্রস্রাবাগার প্রয়োজন। ফুলতলা দিয়ে প্রতিদিন বিভিন্ন রুটের অনেক বাস যাতায়াত করে এবং উমরপুর মোড় হয়ে দূরপাল্লার দ্রুতগামী বাস চলাচল করে। বাস থামার সঙ্গে সঙ্গে প্রস্রাবের জন্য যাত্রীদের ইতস্ততঃ ছোটাছুটি করতে দেখা যায়। অথচ বাসগুলি খুব কম সময়ের জন্য থামে। মহিলা যাত্রীদের তো অসুবিধার শেষ থাকে না। সরকারী তরফে এ সব জায়গায় প্রস্রাবাগার তৈরী করে দিলে যাত্রীদের অনেক উপকার হবে।

## লক্ষ্যমাত্রা অতিক্রান্ত

রঘুনাথগঞ্জ, ১৫ মে—১৯৭৬ ৭৭ সালে রঘুনাথগঞ্জ ১নং ব্লক স্বল্প সঞ্চয়ে লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। লক্ষ্যমাত্রা ছিল ৫ লক্ষ টাকা, সঞ্চয় তহবিলে জমা পড়েছে ৬·২৫ লক্ষ টাকা। গতকাল সংশ্লিষ্ট সংস্থা এস ডি ও রিক্রিয়েশন ক্লাবের উদ্যোগে রাত্রি আটটা নাগাদ স্বল্প সঞ্চয় বিষয়ে এক আলোচনা চক্রে এ কথা ঘোষণা করেন বি ডি ও দেবপ্রসাদ কাঞ্জিলাল। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন জঙ্গিপুর মহকুমা শাসক মীরা সেনগুপ্ত। তিনি তাঁর সংক্ষিপ্ত ভাষণে সঞ্চয়ে লক্ষ্যমাত্রা অতিক্রমের সংবাদে আনন্দ প্রকাশ করেন এবং সকলকে সঞ্চয়ে উৎসাহী হতে বলেন। আলোচনা চক্র শেষে 'তিলোত্তমা' নাটকটি সাফল্যের সাথে মঞ্চস্থ হয়। লোডশেডিং মাঝে মাঝে নাটকটি পরিচালনায় বিঘ্ন ঘটায়।

## চাষের জমির মাটি পরীক্ষা

ভারতীয় সার করপোরেশনের সার সম্প্রসারণ ও কৃষি গবেষণা কেন্দ্রের একটি ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগার আগামী ২১ মে থেকে ২৩ মে সাগরদীঘি ব্লক অফিসে, ২৪ মে থেকে ২৬ মে রঘুনাথগঞ্জ ১নং ব্লক অফিসে এবং ২৭ মে থেকে ২৯ মে সুতী ২নং ব্লক অফিসে অবস্থান করবে। চাষী ভাইরা জমির মাটির নমুনা এনে দিলে একই দিনে মাটি পরীক্ষার ফলাফল ও জমিতে সার প্রয়োগের নির্দেশ তাঁদের জানিয়ে দেওয়া হবে। এই পরীক্ষার জন্য কোনও রকম খরচ নেওয়া হয় না বলে করপোরেশনের পক্ষ থেকে জানানো হয়েছে এবং চাষী ভাইদের এ সম্পর্কে অবহিত করা হচ্ছে। —প্রাপ্ত

## ধুলিয়ানে দোকান ও সংস্থা আইন কেউ মানছেন না

ধুলিয়ান, ১৬ মে—এখানে দোকান এবং চাকী মিলের মালিকরা 'দোকান ও সংস্থা' আইনের বলে কর্মচারীদের দেড় দিন ছুটি মানছেন না বলে অভিযোগ উঠেছে। এখানে সোমবার অর্ধ দিবস এবং মঙ্গলবার পূর্ণ দিবস বন্ধ থাকার কথা; কিন্তু মালিকরা সাপ্তাহিক ছুটির নিয়ম-কানুন অবাধে লঙ্ঘন করে চলেছেন। এ ব্যাপারে ধুলিয়ান দোকান কর্মচারী সমিতি মৌখিক অনুরোধ এবং বারংবার লিখিত অভিযোগ করেও কোন ফল পাননি। ফলে দোকান ও চাকী মিল কর্মচারীদের মধ্যে দারুণ ক্ষোভ দেখা দিয়েছে।

**জনহিতকর কাজে** ( ১ম পৃষ্ঠার পর )

মোহাঃ নজরুল ইসলাম ( নয়াগ্রাম হাই স্কুল, ৯ম শ্রেণী ) ৫০·০০ টাকা, বিমলকুমার হালদার ( রঘুনাথগঞ্জ হাই স্কুল, ৮ম শ্রেণী ) ৬০·০০ টাকা, পরেশনাথ দাঁ ( জাজিগ্রাম হাই স্কুল, ৮ম শ্রেণী ) ৫০·০০ টাকা, সুরেন্দ্রনাথ মণ্ডল ও লালমোহন হালদার ( বংশবাটী হাই স্কুল, ৯ম শ্রেণী ) ৬০·০০ টাকা, মোহাঃ মোদাসের হোসেন ( বাড়ালা হাই স্কুল, ৯ম শ্রেণী ) ৬০·০০ টাঃ, তপনকুমার ঘোষ ৩য় শ্রেণী ও মরজিনা খাতুন ৪র্থ শ্রেণী হিলোড়া প্রাইমারী স্কুল ৫০·০০ টাকা।

জনকল্যাণকর কাজে এই দেব এষ্টেটের বর্তমান ম্যানেজিং কমিটি নিঃসন্দেহে ধন্যবাদার্হ।

### শিক্ষক আবশ্যক

ডেপুটেশন ভ্যাকেন্সিতে একজন B. A. শিক্ষক চাই। ( বি, টি অগ্রগণ্য )। ১০ দিনের মধ্যে সম্পাদক ডি, বি, এস জুনিয়ার হাই মাদ্রাসা, পোঃ দোগাছি, মুর্শিদাবাদ বরাবরে দরখাস্ত করুন।

### ক্যালকাটা সাইকেল ষ্টোরস

( জগন্নাথের সাইকেলের দোকান )

ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুশিদাবাদ )

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস ক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

এখন দুর্গাপুর সিমেন্ট
২২·৫০ পঃ মূল্যে
পাওয়া যাচ্ছে
**মাঙ্গিলাল মুন্দ্রা** (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন—২১
সৌজন্যে : **মুন্দ্রা বস্ত্রালয়**
জঙ্গিপুর ফোন—৩৯

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

### জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জ বালিঘাটায় পাকা সড়কের পার্শ্বে ৩৬৮নং দাগের ৫ কাঠা বাসোপযোগী জমি বিক্রয় হইবে।

অনুসন্ধান করুন :—

পরমেশ পাণ্ডে, রঘুনাথগঞ্জ বস্ত্রালয়,
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

# কৃষি সংবাদ

খারিফ মরশুমের আগেই আপনার জমির মাটি পরীক্ষা করিয়ে নিন।

স্থানীয় গ্রাম সেবকের কাছে মাটির নমুনা সংগ্রহের বিশদ বিবরণ জানুন এবং প্রয়োজন হলে পলিথিন থলে এবং নমুনাপত্র নিন। মাটির নমুনা গ্রাম সেবকের কাছেই জমা দিন। মনে রাখবেন, একমাত্র মাটি পরীক্ষার ভিত্তিতে সার প্রয়োগ সর্ব্বাধিক ফলপ্রসূ ও লাভজনক।

মুখ্য কৃষি আধিকারিক মুর্শিদাবাদ কর্ত্তৃক প্রচারিত।

# কৃষি সংবাদ

দেশী ধানের বদলে অধিক ফলনশীল আউশ ধানের চাষ করুন।

এবার অধিক ফলনশীল জাত যেমন আই, ই, টি ২২৩৩, সি, এন, এম, ২৫ পলমন ৫৭৯, সি, আর ১২৬—৪২-১, আই, ই, টি ২৫০৮, আই, ই, টি ২৯১৪, আই, ই, টি ৮৪৯ ও আই, ই, টি ১৪৪৪ জাত লাগান।

বোনা অথবা রোয়া যাই হোক না কেন দেশী ধানের চেয়ে ফলন বেশী হবে।

ধানের বীজের জন্যে সরকারী বীজ খামারে, এগ্রো-ইনডাসট্রিস করপোরেশন বেনফেড এবং অন্যান্য বীজ বিক্রেতার সঙ্গে যোগাযোগ করুন।

মুখ্য কৃষি আধিকারিক মুর্শিদাবাদ কর্ত্তৃক প্রচারিত।

## প্রার্থীদের মনোনয়নপত্র

(১ম পৃষ্ঠার পর)

চিত্তরঞ্জন মুখারজি (নিঃ), দিলীপ সিংহ (নিঃ), পঞ্চানন লালা (নিঃ), মৃণালকান্তি ব্যানারজি (নিঃ), সুকুমার সরকার (নিঃ), আসরাফুদ্দিন বিশ্বাস (নিঃ), লালমোহন চৌধুরী (নিঃ)।

**সাগরদীঘি ঃ** রমেন্দ্রনাথ বিশ্বাস (জনতা), হাজারী বিশ্বাস (সি পি এম), অতুলচন্দ্র সরকার (কং), জয়চাঁদ দাস (নিঃ), অশ্বিনীকুমার মহলদার (নিঃ), দ্বিজপদ সরকার (নিঃ), সুদর্শনধারী সাহা (নিঃ)।

**জঙ্গিপুর ঃ** আনিসুর রহমান (জনতা), মৃন্ময় বাগচী (আর এস পি), হাবিবুর রহমান (কং), অচিন্ত্য সিংহ (এস ইউ সি), মহঃ সিরাজুল ইসলাম (নিঃ), আসরাফ হোসেন (নিঃ), জগন্নাথ সাহা (নিঃ), চিত্তরঞ্জন মুখারজি (নিঃ), টি এ সুন্দরী (নিঃ), মহঃ কামালুদ্দিন (মুঃ লীঃ), বদরুদ্দিন আহম্মদ (নিঃ)।

**পদত্যাগ, দলত্যাগ, প্রতিবাদ ঃ** রঘুনাথগঞ্জ ২নং ব্লক কংগ্রেস সভাপতি ননীগোপাল দাস গত পরশু পদত্যাগ করেছেন এবং কংগ্রেসের প্রাথমিক সদস্য পদে ইস্তফা দিয়েছেন। পদত্যাগের কারণ হিসেবে তিনি অবিরাম দলত্যাগ এবং দলে বিশৃঙ্খলার কথা উল্লেখ করেছেন বলে নির্ভরযোগ্যসূত্রে জানা গেছে।

আই এন টি ইউ সি-র লুৎফল হক বিরোধী এন এল সি সি-র বিড়ি শ্রমিক নেতা হোসেন আলি মুর্শিদাবাদ জেলা বিড়ি শ্রমিক সমিতির সদস্যদের নিয়ে কংগ্রেস ছেড়ে জনতা দলে যোগ দিয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে।

১১ মে তারিখের 'জঙ্গিপুর সংবাদ' পত্রিকায় প্রকাশিত একটি সংবাদের প্রতিবাদ জানিয়ে ফরাক্কার প্রাক্তন এম এল এ জেরাত আলি জানিয়েছেন, 'জঙ্গিপুর মহকুমার ৫টি বিধানসভায় সর্বদলীয় প্রার্থী ছত্রিশ শীর্ষক সংবাদে ফরাক্কা বিধানসভা কেন্দ্রে সি পি এম প্রার্থী হিসেবে আমার নাম প্রকাশিত হয়েছে। আমাকে সি পি এম দলে ফিরিয়ে নেওয়া হচ্ছে বলেও সংবাদে লেখা হয়েছে। আপনাদের এই সংবাদ জনমনে বিভ্রান্তি সৃষ্টি করেছে। আমি আপনাদের পত্রিকায় প্রকাশিত উক্ত সংবাদের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি জানাতে চাই যে, সি পি এম পারটি সংশোধনবাদী। সুতরাং সি পি এম পারটি থেকে সম্পর্কচ্ছেদের পর উক্ত পারটিতে ফিরে যাওয়ার কোন প্রশ্নই উঠে না।'

## কানুনগো সমিতির সভা

জঙ্গিপুর মহকুমা কানুনগো সমিতির মে মাসের অধিবেশন গত ৮ মে সাগরদীঘি থানার মহিষাসুর-নওপাড়াতে অনুষ্ঠিত হল। সভায় কানুনগোদের ঘন ঘন বদলির সমালোচনা এবং মাঠ জরীপ ও স্বত্ব-লিখনের দৈনিক কাজের পরিমানের উপর অত্যাধিক চাপ সৃষ্টির ফলে রায়তের স্বার্থ বিঘ্নিত হচ্ছে এবং এল আর এ্যাক্টের প্রকৃত উদ্দেশ্য ব্যাহত হতে চলেছে বলে মত প্রকাশ করা হয়। পরবর্তী পর্যায়ের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নতুন পরচা তৈরীর কাজে নিযুক্ত কর্মীদের একযোগে কোনও অফিসারের 'ডাইরেক্ট সুপারভিসনে' কাজ করার নীতি গ্রহণের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণী একটি প্রস্তাব গৃহীত হয়। —প্রাপ্ত

## মেথরদের কর্মবিরতি

গত ১১ মে ২০ দফা দাবি-দাওয়ার ভিত্তিতে রাজ্যের সমস্ত পুরসভার সঙ্গে একযোগে জঙ্গিপুর পুরসভার মেথররা একদিনের কর্মবিরতি পালন করেন।

## দুটি উৎসব উদ্‌যাপিত

মিরজাপুরে শীতলাতলা এবং রঘুনাথগঞ্জে তুলসীবিহার বাটিতে বৃন্দাবনবিহারী উৎসব অন্যান্য বছরের মত এবারও মহা সমারোহে উদ্‌যাপিত হয়েছে।

## রেশম ও বিড়ি শিল্পে

(১ম পৃষ্ঠার পর)

শ্রমিকদের ন্যায্য মজুরি দিচ্ছেন না। ফলে তাঁরা বঞ্চিত এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ ছাড়াও বিভিন্নভাবে মুন্সীরা হয়রান করছেন শ্রমিকদের। এক মাসের ওপর থেকে বিড়ির কাজ বন্ধ হয়ে যাওয়ায় বহু শ্রমিক অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছেন। বিড়ি শ্রমিকদের মর্যাদাদান, সপ্তাহে একদিন ছুটি এবং মাতৃত্বের অবকাশ (মেটারনিটি লিভ) থেকেও এঁদের বঞ্চিত করা হচ্ছে এবং দুর্দশার মধ্যে ফেলা হচ্ছে। অবিলম্বে এঁদের কাজ দিয়ে অর্থাভাব থেকে বাঁচানোর দাবি জানিয়েছেন একাধিক শ্রমিক প্রতিনিধি।

EOMITE
PAINTS
A Colourful Blend Of Quality
&
Service
PAMMEL, KINGLAC, KING Q. D.
for Painting Doors & Windows.
BLUNCEM, PLASTIC PAINT & DISTEMPER
for Walls Exterior & Interior.
They reflect your good living style.
BLUNDELL EOMITE PAINTS LTD.
—: Special Stockist —
S. K. Roy Hard Ware Stores.
Raghunathganj : Murshidabad
Phone No. 4

আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা
কি কষ্টকর ?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। লানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য

সি. কে. সেন এণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা
নিউ দিল্লী

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।